

অন্য কিছু নয়, এবার প্রধান শিক্ষকের পদ দখল

ফেনী থেকে সংবাদদাতা : জেলার সোনাগাজীতে এবার বিএনপি সমর্থিত শিক্ষক জোর করে প্রধান শিক্ষকের পদ দখল করে নিয়েছেন। ঘটনাটি ঘটেছে গতকাল মঙ্গলবার ফেনী-৩ নির্বাচনী এলাকা। সোনাগাজীর অ্যাডভোকেট বেলায়েত হোসেন উচ্চ বিদ্যালয়ে। ওই উচ্চ বিদ্যালয়টি ফেনী-৩ আসনের সাংসদ মোহাম্মদ মোশারফ হোসেনের নামে ভোর বাজারে প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠাকাল থেকে দুলাল চন্দ্র চক্রবর্তী প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। গত সাংসদ নির্বাচনের পর স্থানীয় বিএনপি সমর্থক সন্ত্রাসীরা দুলাল চন্দ্র চক্রবর্তীর কাছে উপর্যুপরি চাঁদা দাবি করতে থাকে। অবস্থা বেগতিক দেখে ২/৩ দফায় সন্ত্রাসীদের ২০ হাজার টাকা চাঁদা তাকে দিতে হয়। এতেও চাঁদাবাজরা খুশি হতে পারেনি। তারা আবারও চাঁদার জন্য চাপ দিলে দুলাল চন্দ্র চক্রবর্তী ফেনী শহরে এসে আশ্রয়

নেন। এ সুযোগে ওই স্কুলের সহকারী শিক্ষক ও নবাবপুর ইউনিয়ন বিএনপি নেতা কবির আহমদ অবৈধভাবে প্রধান শিক্ষক দুলাল চন্দ্র চক্রবর্তীকে অপসারণ করে নিজেকে প্রধান শিক্ষক দাবি করে নিজে নিজেই ওই পদের দায়িত্ব বুঝে নেন। এ ঘটনায় এলাকায় মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক ম্যানেজিং কমিটির এক সদস্য জানান, বিএনপি সমর্থিত ওই শিক্ষক এলাকার চিহ্নিত সন্ত্রাসী ফারুক, নিজামী, জাফর ও ছায়েদুল হককে নিয়ে চরদখলের মতো করে প্রধান শিক্ষকের পদটি দখল করে নিয়েছেন। এদের বিরুদ্ধে দ্রুত বিচার আইনে মামলা হওয়া উচিত। এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় মামলা দায়েরের সংবাদ জানা যায়নি। প্রধান শিক্ষক দুলাল চন্দ্র চক্রবর্তী এখন ফেনীতে অবস্থান করছেন।